মুজিবনগরে গাঁজা বিক্রির অপরাধে এক মহিলার কারদণ্ড

মুজিবনগরে গাঁজা বিক্রির অপরাধে সালেহা খাতুন নামের একজন মুদি ব্যবসায়ীকে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫ শত টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।
গতকাল সোমবার সন্ধ্যায় মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার(ভূমি) ও ভ্রাম্যমাণ আদালতের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাজমুল আলম।

সালেহার খাতুন মুজিবনগর উপজেলার ওয়াশিম আলমের স্ত্রী। মোবাইল কোর্টের ঘটনা শোনার পর পর ওয়াশিম আলম পালাতক রয়েছে।

অভিযান পরিচালনাকারী জানান, মহাজনপুর বাজারের ছালেহা খাতুনের মুদি দোকানে গাঁজা বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়।
অভিযান চলাকালীন সালেহার দোকানে ১৪০ গ্রাম গাঁজাসহ তাকে হাতেনাকে আটক করা হয়। এবং তার বাড়িতে তল্লাশী চালিয়ে আরও ৫শত গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

এ সময় তিনি এই গাঁজা ভারত থেকে কিনে এনে নিজ দোকানে বিক্রি করেন বলে ভ্রাম্যমাণ আদালতের নিকট স্বীকারোক্তি দেন।

পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে মাদক বিক্রির অপরাধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর ৩৬(১) এর সারণি ক্রমিক নং ১৯(ক) অনুসারে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৫শত টাকা জরিমানা করা হয়।

পলায়নকৃত আসামি ওয়াশিম আকরামের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের প্রক্রিয়াধীন আছে। জনস্বার্থে এ ধরণের অভিযান অব্যাহত থাকবে। অভিযান চলাকালীন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস সার্বিক সহযোগীতা করেন।

গাংনীতে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ১শ পিচ ইয়াবাসহ লিখন মিয়া (২৭) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। সোমবার সন্ধায় গাংনীর রামনগর মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে তাকে আটক করা হয়।

আটক লিখন মিয়া একই গ্রামের আনোয়ার হোসেন এর ছেলে। জেলা গোয়েন্দা পুলিশের এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাংনীর চর গোয়াল গ্রামে অভিযান চালিয়ে ১শ পিচ ইয়াবাসহ একজনকে আটক করা হয়।

আটক লিখন মিয়ার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

আলমডাঙ্গায় মাদক বিক্রয় ও সেবনের দায়ে জেল-জরিমানা

আলমডাঙ্গার গোকুলখালি ক্যাম্প পুলিশ অভিযান চালিয়ে ১জন মাদক বিক্রেতা ২জন সেবিকে আটক করেছে।

গতকাল রবিবার গোকুলখালি ক্যাম্প পুলিশ আটকৃত ৩ জনের শরীর তল্লাশী করে ১ জনের নিকট ১০ গ্রাম গাঁজা ও ২ জনের নিকট গাঁজা সেবনের সরাঞ্জাম উদ্বার করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের গোকুলখালি গ্রামে ক্যাম্প পুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় তাদের শরীর তল্লাশী করে ১ জনের নিকট ১০ গ্রাম গাঁজা ও ২ জনের কাছে গাঁজা সেবনের সরাঞ্জাম উদ্ধার করে। পরে আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসারের নিকট জানায়। উপজেলা নির্বাহি অফিসার লিটন আলি ঘটনাস্থলে উপস্থিত হয়।

নির্বাহী অফিসার লিটন আলি ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে আলমডাঙ্গা উপজেলার ভালাইপুর গ্রামের সিদ্দিকুর রহমানের ছেলে ওহিদুল ইসলাম
(৩২) কে গাঁজা বিক্রয়ের দায়ে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করে।

এছাড়া, কুলপালা গ্রামের লিটন মল্লিকের ছেলে লিমন আলী (১৯)কে ৭ হাজার টাকা ওকুলপালা গ্রামের খলিলুর রহমানের ছেলে তামিম (২৩) কে ১২ হাজার টাকা জরিমানা করেন।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনার সময় গোকুলখালি ফাঁড়ি পুলিশের ইনচার্জ কামরুল ইসলাম সঙ্গীয় ফোর্স উপস্থিত ছিলেন।

দর্শনা থানা পুলিশের অভিযানে ফেন্সিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১৬ বোতল ফেন্সিডিলসহ জাহিদুল ইসলাম (৩০) কে গ্রেফতার করা হয়েছে ।

পুলিশ জানায় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজলের নেতৃত্ব, এসআই মোঃ সাইফুল ইসলাম, এএসআই মোঃ মহিউদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনার সুলতানপুর গ্রামের জৈনক ইলিয়াস মোল্লার ফাঁকা জমির উপর থেকে ১৬ বোতল ফেন্সিডিলসহ আসামি জাহিদুল ইসলাম কে গ্রেফতার করে। আসামি জাহিদুল ইসলাম চুয়াডাঙ্গা জেলার দর্শনার সুলতানপুরের দক্ষিণপাড়ার জান মোহাম্মদ এর ছেলে।

পুলিশ আরও জানায় আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের

করা হয়েছে। এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান কাজল বলেন, দর্শনা কে মাদকমুক্ত করতে পুলিশ প্রসাশনের পাশাপাশি জনসাধারণের সহযোগিতা থাকলে আমরা খুব দ্রুত দর্শনাকে মাদকমুক্ত করতে পারবো।

দর্শনায় ফেনসিডিল ও গাঁজাসহ গ্রেফতার ৪

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের পৃথক মাদকবিরোধী অভিযানে ফেনসিডিল ও মদসহ ইমন, বুদো, খোদাবক্স এবং মোসা কে গ্রেফতার করা হয়েছে।

গতকাল দর্শনা থানার (ওসি) মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে রাত ০৮ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এস আই খান আব্দুর রহমান, এ এস আই আনোয়ারুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর মোড় হতে ১০ (দশ) বোতল ফেন্সিডিলসহ মোঃ মেহেদী হাসান ইমন কে গ্রেফতার করে। আসামি মেহেদী হাসান ইমন দর্শনা আজিমপুরের আঃ মালেক এর ছেলে।

অপরদিকে, দুপুর ২.৩০ ঘটিকার সময় এসআই মোঃ সাইফুল ইসলাম, এএসআই মোঃমহিউদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন প্রতাপপুর গ্রাম হতে, ০৩ (তিন) কেজি গাঁজা উদ্ধারসহ ৩ জন আসামিকে গ্রেফতার করে। আসামিরা হলেন ১/ মোঃ বুদো (৪৩), পিতাঃ মোঃ আবুল কালাম, গ্রাম চন্ডিপুর,

আসামি ২/মোঃ খোদাবক্স (২৭), পিতাঃ মোঃ হায়দার আলী গ্রাম প্রতাপপুর আসামি ৩/মোঃআবু মুসা পিতা-মৃত মোসলেম গ্রাম কৃষ্ণপুর বোয়ালমারী, উভয়ে দর্শনা থানার জেলাঃ চুয়াডাঙ্গা এর বাসিন্দা। গ্রেফতার কৃত সকল আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গায় গাঁজাসহ আটক ১

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে ১০০ গ্রাম গাঁজাসহ চাঁদ মিয়া নামের এক জন আটক হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাত ৯টার দিকে হাউসপুরের হঠাৎ পাড়া থেকে তাকে আটক করে।

জানা গেছে, আলমডাঙ্গার পৌর এলাকার হাউসপুর গ্রামের বাবু শেখের ছেলে চাঁদ মিয়া দীর্ঘদিন যাবৎ গোপনে গাঁজার ব্যবসা চালিয়ে আসছে।

গতকাল বৃহস্পতিবার রাত ৯ টার দিকে আলমডাঙ্গা থানার এসআই সিদ্ধার্থ, এসআই সুলতান মাহমুদ, এসআই সুফল কুমার বিশ্বাস, এএসআই সাহাবুদ্দিন লস্কর সঙ্গীয় ফোর্স হাউসপুর হঠাৎ পাড়ার তিন রাস্তার মোড় থেকে তাকে আটক করে।

তার শরীর তল্লাশী করে ১০০ গ্রাম গাঁজা উদ্ধার করে। তার বিরুদ্ধে মাদক বিরোধী আইনে মামলা দায়ের করা হয়েছে।

চুয়াডাঙ্গায় চোলাই মদসহ মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গা পৌর এলাকার নূরনগর এলাকা থেকে ১৩০ লিটার চোলাই মদসহ আশরাফুল হক (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বৃহস্পতিবার সকালে তাকে আটক করা হয়। আটক আশরাফুল হক শহরের সুমিরদিয়া কলোনীপাড়ার সোহেল আলীর ছেলে।

র্যাব ৬-এর স্কোয়াড কমান্ডার এএসপি শফিকুর রহমান জানান, আটক মাদক ব্যবসায়ী ও উদ্ধারকৃত চোলাই মদ চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। এ বিষয়ে সদর থানায় মাদক আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

দর্শনায় ফেন্সিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৮০ বোতল ফেন্সিডিলসহ মোছাঃ শাকিলা খাতুন(৫৬) কে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায় দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে গতকাল বুধবার রাত ৮.৪৫ ঘটিকার সময় দর্শনা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এস আই মোঃ শরিফুল ইসলাম, এ এস আই মোঃ শাহিন আলম, এএসআই মোঃ কুদ্দুস আলী, এএসআই ইদ্রিস আলী এবং সঙ্গীয় ফোর্সসহ দর্শনা থানাধীন চন্ডিপুর গ্রামের (স্কুল পাড়া) আসামির বসত বাড়ির উঠান হতে ৮০ বোতল ফেন্সিডিলসহ আসামি মোছাঃ শাকিলা খাতুন কে গ্রেফতার করা হয় ।

আসামি শাকিলা খাতুন দর্শনা থানার চন্ডিপুর গ্রামের (স্কুল পাড়া) জেলাঃ চুয়াডাঙ্গা এর বাসিন্দা। গ্রেফতার কৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে ১’শ বোতল ফেন্সিডিলসহ ২ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ১শ বোতল ফেন্সিডিলসহ ২ মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। বুধবার দুপুরে গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রাম থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো, একই গ্রামের দোয়াত আলীর ছেলে মন্টু মিয়া (৩৮) ও

মহিদুল ইসলামের ছেলে মিলন হোসেন (২১)। এসআই হাবিবুর রহমান এর নেতৃত্বে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। একই সাথে মাদক বহনের কাজে ব্যবহৃত একটি মোটরসাইকেল জব্দ করেছে ডিবি পুলিশ।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে দুই মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

এসময় বস্তায় ভরা ১শ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। আটককৃতদের বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রজু করা হয়েছে।

ঝিনাইদহে ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

ঝিনাইদহ র্যাব-৬ এর মাদক বিরোধী অভিযানে শৈলকুপা থানাধীন ভাটই এলাকা হতে ২২০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ ০১ জন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে।

র্যাবের প্রেস নোট থেকে জানা যায়, গত ০২ জানুয়ারি রাত ৪ টা ১০ মিঃ সময় গোপন সংবাদের ভিত্তিতে সিপিসি-২, র্যাব-৬ এর একটি চৌকস আভিযানিক দল স্কোয়াড কমান্ডার এএসপি এইচ. এম. শফিকুর রহমান এর নেতৃত্বে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনার নিমিত্তে গমন করেন।

পরবর্তীতে ০২ জানুয়ারী ২০২১ ইং তারিখ রাত ৪ টা ৫০ মিনিটে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন ভাটই বাজারস্থ নাসির মেশিনারীজ নামক দোকানের সামনে পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে চুয়াডাঙ্গা জেলার সদর থানার রুপছায়া হল পাড়ার মোঃ আবুল কাশেম এর ছেলে মোঃ আকবর আলী (২৬) কে ২২০ পিচ ইয়াবা ট্যাবলেটসহ গ্রেফতার করা হয়।

পরবর্তীতে উক্ত উদ্ধারকৃত আলামত ও গ্রেফতারকৃত আসামীকে ঝিনাইদহ জেলার শৈলকুপা থানায় হস্তান্তর করতঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ এর ৩৬(১) সারণির ১০(ক) ধারার মামলা করা হয়।